# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** ১৬ আগষ্ট ২০২২ খ্রি.

ইউএনডিপি'র কমিডিনিটি হাউজিংয়ের ঋণ প্রদান অনুষ্ঠানে মেয়র

## প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে গৃহ নির্মাণ ঋণ সহায়তা সময়ের দাবী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, নগরীর প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে ইউএনডিপি ও ঋঈউঙ-বৃটিশ সরকারের আর্থিক সহায়তায় বাস্তবায়িত প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বিভিন ধরনের উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে গৃহ নির্মাণ ঋণ সহায়তা সময়ের দাবী। দরিদ্র জনগোষ্ঠির আবাসন বিষয়টিকে গুরুত্ব দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ইতোমধ্যে নগরীর উত্তর পাহাড়তলী ওয়ার্ডে ২৮ শতক জমি বিনামূল্যে প্রদান করেছে। এই জামিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকায় অবস্থিত। এরপরও চসিক কর্তৃপক্ষ দরিদ্র জনগোষ্ঠির কথা বিবেচনা করে তাদের জীবনমান উন্নয়নে এই জমি প্রদান করেছে। উক্ত জমিতে বহুতল বিশিষ্ট আবাসন নির্মাণ করা গেলে অনেক পরিবার স্থায়ীভাবে থাকার সুযোগ পাবে। তিনি আরো বলেন, বৃটিশ হাই কমিশনার চট্টগ্রাম সফরে এলে এই জমি পরিদর্শণ করে অভিভূত হন। সিটি কর্পোরেশনের প্রদানকৃত জায়গাটি সঠিকভাবে ব্যবহারে জন্য গুরুত্বারোপ করেন। আজ মঙ্গলবার সকালে নগর ভাবনের সম্মেলন কক্ষে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি ইউএনডিপির সহযোগিতায় বাস্তবায়নাধীন চট্টগ্রাম সিটি কর্পোরেশনে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের অঙ্গ। নগরে দরিদ্রদের স্বল্প সার্ভিসচার্জে গৃহনির্মাণ ঋণ বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ।

ওয়ার্ড কাউন্সিলর সলিমুল্লাহ বাচ্চুর সভাপতিত্বে এতে স্বাগত বক্তব্য রাখেন- প্রকল্পের টাউনম্যানেজার সারোয়ার হোসেন খান, গোলাম মোহাম্মদ জোবায়ের, মোঃ আবুলহাসনাত বেলাল, নগরপরিকল্পনাবিদ-আবদুল্লাহ আল ওমর প্রমুখ।

মেয়র আরো বলেন, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় চট্টগ্রাম মহানগরীতে বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠীর আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে দুটি উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে। একটি হচ্ছে স্বল্পমূল্যে গৃহ নির্মাণ করে দরিদ্র মানুষদের আবাসন সমস্যা সমাধান করা এবং দ্বিতীয়টি হচ্ছে কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট ফান্ডের আওতায় সাশ্রয়ী মূল্যে বাড়ি নির্মাণ, মেরামতসহ অন্যান্য কাজের জন্য স্বল্প সার্ভিস চার্জে গৃহ ঋণ বিতরণ করা। এই কর্মসূচির আওতায় প্রকল্প থেকে ঈঐউঋ কে প্রায় তিন কোটি টাকা অনুদান প্রদানসহ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হবে। যার লক্ষ্য হচ্ছে চট্টগ্রাম সিটি এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষ, যাদের আনুষ্ঠানিক আর্থিক খাত ও  ব্যাংকে যাওয়ার সুযোগ নেই, তাদের সমস্যা সমাধানের লক্ষ্যে চট্টগ্রাম কেন্দ্রিক একটি স্থায়ী প্রতিষ্ঠান ও কৌশল গড়ে তোলা। ঈঐউঋএর এই কার্যক্রম গুলো পরীক্ষা মূলকভাবে শুরু হয়েছে। পরে গৃহ ঋণ গৃহীতাদের হাতে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী চেক প্রদান করেন।

## চসিক পরিচালতি নগর প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকারীদের তিন দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্যবিভাগ কর্তৃক ইউএসএআইডি'এস লোকাল হেলথ্ সিস্টেম সাস্টেবিলিটি (এলএইচএসএস)প্রকল্পের আর্থিক ও কারিগরি সহায়তায় গত ১০, ১১ ও ১৩ আগস্ট তিন দিন ব্যাপী ইএসপি সার্ভিসেস প্যাকেজের উপর চট্টগ্রাম সিনিয়রস্ ক্লাবে প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে সিটি কর্পোরেশন পরিচালিত প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র থেকে ২৪ জন ডাক্তার অংশগ্রহণ করেন। প্রকল্পের দক্ষতা উন্নয়ন সমন্বয়কারী মো. সোহেল রানা আয়োজনে

আঞ্চলিক সমন্বয়কারী মো. জাকির হোসেনের সঞ্চালনায় প্রশিক্ষণ কর্মশালায় রির্সোস পার্সন হিসেবে উপস্থিত ছিলেন কনসালটেন্ট ডাঃ মুহাম্মদ আবদুস সবুর ডাঃ সেহেলি নার্গিস, অধ্যাপক ডাঃ মোঃ নাসির উদ্দিন মাহমুদ,

অধ্যাপক ডাঃ কামরুন নেছা রুনা,  ডাঃ সুমন বড়ুয়া, ডাঃ এম এ ফায়েজ, ডাঃ মোহাম্মদ শাওন প্রমুখ। ইউএসএআইডি এলাইন ফর কোমভেটিং টিবি ইন বাংলাদেশ (টঝঅওউঝ অষষরধহপব ভড়ৎ পড়সনধঃরহম ঞই রহ ইধহমষধফবংয) প্রশিক্ষণের সমাপনি অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী।
চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী প্রশিক্ষণে সহযোগিতার জন্য টঝঅওউও খঐঝঝ প্রকল্পের সকলকে ধন্যবাদ জানিয়ে  বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্যবিভাগে কর্মরত সকল স্বাস্থ্যসেবা প্রদানকারীগণকে খঐঝঝ প্রকল্পের সহযোগিতায় প্রশিক্ষণ প্রদান করা হবে। যার ফলে নগরবাসী আরো উন্নত স্বাস্থ্যসেবা গ্রহণ করতে পারনে।

চসিকের ভ্রাম্যমাণ আদালত

## বায়েজিদ রোডে শতাধিক অবৈধ দোকান ও স্থাপনা উচ্ছেদ সহ অপরাধে ১৪ ব্যক্তিকে ৪২ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে বায়েজিদ থানাধীন টেক্সটাইল মোড় হতে বায়েজিদ রোডের ফায়ার সার্ভিস স্টেশন পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের ফুটপাত ও নালা দখল করে গড়ে উঠা শতাধিক অবৈধ দোকান ও বিভিন্ন স্থাপনা উচ্ছেদ করে ফুটপাত ও নালা অবৈধ দখলমুক্ত করা হয়। এই সময় ফুটপাত ও রাস্তা অংশ দখল করে স্থাপনা নির্মান ও দোকানের মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৬ দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম।
স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের পরিচালিত অপর এক অভিযানে নগরীর মুরাদপুর মোড় থেকে বিবিরহাট পর্যন্ত হাটহাজারী রোডের উভয় পার্শ্বের ফুটপাত ও রাস্তার অংশ দখল করে পুরাতন লোহার মালামাল ও নির্মান সামগ্রী রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ০৮ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৯ হাজার টাকা  জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে

## চসিক সনাতন কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ ঠিকাদারগণ উদ্যোগে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত

জাতীয় শোক দিবস উপলক্ষে চট্রগ্রাম সিটি কর্পোরেশন সনাতনী কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ ঠিকাদারগণের উদ্যোগে গোলপাহাড় মহাশ্মশান কালি মন্দিরে একবিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। ১৯৭৫ সালের ১৫ আগষ্ট কালোরাতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবসহ পরিবারের শাহাদাতবরণকারী অন্যান্য সদস্যদের স্মৃতির উদ্দেশ্যে ভক্তি সহকারে শ্রদ্ধা নিবেদন করে আরতি ও পূজা নিবেদন করা হয়। প্রার্থনা উপস্থিত ছিলেন- চট্গ্রাম সিটি কর্পোরেশনের হিসাব রক্ষণ কর্মকর্তা আশুতোষ দে, উৎপল সেন, অচিন্ত দাশ, খোকন চন্দ্র সুশীল, প্রদীপ দে, লিটন দাশ, উজ্জ্বল পাল, দেবব্রত চৌধুরী বাসু, সান্তু দাশ, পুলক চক্রবর্তীসহ চট্গ্রাম সিটি কর্পোরেশনে কমরত সনাতনী বিভিন্ন ভক্তবৃন্দ।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩